# খালেদা জিয়া ও তারেক রহমানকে ‘জুলাই সনদ ২০২৫’ স্বাক্ষর অনুষ্ঠানে আমন্ত্রণ



সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে আগামী শুক্রবার অনুষ্ঠিতব্য ‘জাতীয় জুলাই সনদ, ২০২৫’ স্বাক্ষর অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছে।

জাতীয় ঐকমত্য কমিশন বৃহস্পতিবার (১৬ অক্টোবর) বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া ও তারেক রহমানকে আমন্ত্রণপত্র প্রদান করেছে। কমিশনের নেতারা এভারকেয়ার হাসপাতালে গিয়ে সরাসরি খালেদা জিয়াকে আমন্ত্রণপত্র তুলে দেন।

ঐকমত্য কমিশনের সভাপতি আলী রিয়াজ ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের পক্ষে আমন্ত্রণপত্র দেন সদস্য ড. বদিউল আলম মজুমদার ও মনির হায়দার। এ সময় উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন। তারেক রহমানের পক্ষ থেকে আমন্ত্রণপত্র গ্রহণ করেন বিএনপি চেয়ারপারসনের একান্ত সচিব এ বি এম আব্দুস সাত্তার।

LENS ASIA

‘জাতীয় জুলাই সনদ, ২০২৫’ স্বাক্ষর অনুষ্ঠান আগামীকাল (১৭ অক্টোবর) বিকাল ৪টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ কয়েকজন উপদেষ্টা এবং উচ্চ পর্যায়ের সরকারি কর্মকর্তারা।